



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০০১.০১.০০.০১২২.২০১৪- ৪৪৬

তারিখঃ ০২ মার্চ, ২০১৮ খ্রিঃ।

যুগ্ম পরিচালক (সার),
বিএডিসি, কিশোরগঞ্জ।

বিষয়ঃ কিশোরগঞ্জ অঞ্চলের একরামপুর আঞ্চলিক বীজ গুদাম সংলগ্ন ৫০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদামটি বীজ বিতরণ বিভাগের নিকট হস্তান্তর প্রসঙ্গে।

সূত্রঃ মহাব্যবস্থাপক (বীজ) মহোদয়ের দপ্তরের বে.স. নং-৩১৩ তারিখঃ ২০/০২/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সার ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন কিশোরগঞ্জ অঞ্চলের একরামপুরস্থ আঞ্চলিক বীজ গুদাম সংলগ্ন ৫০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদামটি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সাময়িকভাবে বীজ বিতরণ বিভাগের নিকট হস্তান্তরের জন্য অনুরোধ করা হলো:

শর্তাবলিঃ

১. সার্বিক রক্ষণাবেক্ষণ, বিদ্যুৎ, পানি গ্যাস বিলসহ অন্যান্য ইউটিলিটি ব্যয় বীজ বিতরণ বিভাগ কর্তৃক নির্বাহ হবে;
২. জায়গার ভূমি উন্নয়ন কর, পৌরকরসহ অন্যান্য সরকারী পাওনা সংস্থার বীজ বিতরণ বিভাগ কর্তৃক পরিশোধিত হবে;
৩. প্রয়োজনীয় মেরামত ব্যয় সংস্থার বীজ বিতরণ বিভাগ কর্তৃক নির্বাহ হবে;
৪. সার ব্যবস্থাপনা বিভাগের প্রয়োজনে তাৎক্ষণিকভাবে গুদাম স্থাপনা ছেড়ে দিতে হবে;
৫. স্থাপনার কোনরূপ ক্ষতি সাধন করা বা অবকাঠামোগত পরিবর্তন করা যাবে না;
৬. কোন গাছ-পালা কর্তন করা যাবে না বা কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না।

(আশুতোষ খাতুন)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপিঃ

১. মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা।
২. অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি, ঢাকা (আলোচ্য গুদামটি গ্রহণ প্রক্রিয়া গ্রহণের অনুরোধসহ)।
৩. উপ পরিচালক (বীজ বিপণন), বিএডিসি, কিশোরগঞ্জ।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
৫. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/সার ব্যবস্থাপনা), মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৬. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।